

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রতিরক্ষা মন্ত্রণালয়
গণভবন কমপ্লেক্স
শেরেবাংলা নগর, ঢাকা
www.mod.gov.bd

নম্বর প্রম/রীট-১৮০/২০১০/ডি-২১/২৫

১৬ মাঘ ১৪২১

তারিখ : -----

প্রজ্ঞাপন

২৯ জানুয়ারি ২০১৫

বিষয়: রীট পিটিশন নম্বর-৫৯১৬/২০০৮-এর রায় অনুসারে কমপ্লেইন্ট কমিটি গঠন।

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ৪ মে ২০১০ তারিখের পত্র নম্বর মশিবিম/শা-সেল/রীট পিটিশন-১৮/০৮/৬২২ (৪৫), অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠান ও কর্মস্থলে নারীদের সম্ভাব্য যৌন হয়রানি বন্ধের লক্ষ্যে এ মন্ত্রণালয় ও মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থার ১ম শ্রেণীর কর্মকর্তাদের সমন্বয়ে নিম্নরূপভাবে একটি 'কমপ্লেইন্ট কমিটি' গঠন করা হল :


১। উপসচিব/যুগ্মসচিব পদমর্যাদার একজন ১ম শ্রেণির মহিলা কর্মকর্তা, প্রতিরক্ষা মন্ত্রণালয়	সভাপতি
২। উপসচিব (ডি-৯), প্রতিরক্ষা মন্ত্রণালয়	সদস্য
৩। স্পারসো-এর একজন ১ম শ্রেণির মহিলা কর্মকর্তা	সদস্য
৪। আবহাওয়া অধিদপ্তর-এর একজন ১ম শ্রেণির মহিলা কর্মকর্তা	সদস্য
৫। সিনিয়র সহকারী সচিব (শাখা ডি-২১), প্রতিরক্ষা মন্ত্রণালয়	সদস্য-সচিব

২। কমিটির কার্য-পরিধি নিম্নরূপ :

রীট পিটিশন নম্বর ৫৯১৬/২০০৮-এর বিষয়ে গত ১৪ মে ২০০৯ তারিখে প্রদত্ত রায়ে মহামান্য আদালত কর্তৃক নির্ধারিত গাইডলাইন অনুসরণপূর্বক কর্মস্থলে নারীর প্রতি বৈষম্য তথা যৌন হয়রানিমূলক অভিযোগের নিষ্পত্তিকরণ এবং এ সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন সরকারের নিকট দাখিলকরণ।

৩। প্রতিরক্ষা মন্ত্রণালয়ের গত ২১ অক্টোবর ২০১২ তারিখের প্রম/রীট-১৮০/১০/ডি-২১/১৯২ নম্বর প্রজ্ঞাপনটি এতদ্বারা বাতিল করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে


এস, এম, আবদুর রশীদ
সিনিয়র সহকারী সচিব
ফোন ৯১১১০০২

প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। যুগ্মসচিব (৫), প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ২। উপ-সচিব (ডি-৯), প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৩। চেয়ারম্যান, স্পারসো, আগারগাঁও, ঢাকা (একজন ১ম শ্রেণীর মহিলা কর্মকর্তা মনোনয়নের অনুরোধসহ)
- ৪। পরিচালক, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (একজন ১ম শ্রেণীর মহিলা কর্মকর্তা মনোনয়নের অনুরোধসহ)
- ৫। সিনিয়র সহকারী সচিব, (শাখা ডি-২১), প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৬। উপ নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ)

নম্বর প্রম/রীট-১৮০/২০১০/ডি-২১/২৫


১৬ মাঘ ১৪২১

তারিখ : -----

২৯ জানুয়ারি ২০১৫

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২। সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
- ৩। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
- ৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়
- ৫। অতিরিক্ত সচিবের ব্যক্তিগত কর্মকর্তা, প্রতিরক্ষা মন্ত্রণালয়
- ৬। যুগ্ম-সচিব (পূর্ত ও উন্নয়ন)/ যুগ্ম-সচিব (সকল)-এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রতিরক্ষা মন্ত্রণালয়
- ৭। প্রকৌশল উপদেষ্টার ব্যক্তিগত কর্মকর্তা, প্রতিরক্ষা মন্ত্রণালয়
- ৮। উপ-সচিব (সকল), প্রতিরক্ষা মন্ত্রণালয়
- ৯। সিনিয়র সহকারী সচিব (সকল)/গবেষণা কর্মকর্তা/সিনিয়র সহকারী প্রধান, প্রতিরক্ষা মন্ত্রণালয়


এস, এম, আবদুর রশীদ
সিনিয়র সহকারী সচিব
ফোন ৯১১১০০২